

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৩৩৮-আইন/২০২১।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিগত ১৭ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ৩১ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৩২-আইন/২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি উক্ত প্রজ্ঞাপনের তফসিল এর—

- (ক) কলাম (১) এর ক্রমিক নং ১৩ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “Household dish washing liquid” এর পরিবর্তে এন্ট্রি “Liquid Dish Wash” এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “BDS 1554:1997” এর পরিবর্তে এন্ট্রি “BDS 1554:2021” প্রতিস্থাপিত হইবে;
- (খ) কলাম (১) এর ক্রমিক নং ১৪ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “Floor liquid detergents” এর পরিবর্তে এন্ট্রি “Liquid Floor Cleaner” এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “BDS 1859:2012” এর পরিবর্তে এন্ট্রি “BDS 1859:2021” প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) কলাম (১) এর ক্রমিক নং ১৫ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “Liquid toilet cleaner” এর পরিবর্তে এন্ট্রি “Liquid Toilet Cleaner (Porcelain bowls and urinals)” এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “BDS 1707:2002” এর পরিবর্তে এন্ট্রি “BDS 1707:2021” প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী ফারুক আহমদ
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬১৯৯)

মূল্য : টাকা ৪.০০